

💵 জাল হাদীছের কবলে রাসূলুল্লাহ (ছাঃ)-এর ছালাত

বিভাগ/অধ্যায়ঃ পবিত্রতা (ওযূ ও তায়াম্মুম) রচয়িতা/সঙ্কলকঃ মুযাফফর বিন মুহসিন

(১৫) কুলি করার জন্য আলাদা পানি নেওয়া

সুন্নাত হল হাতে পানি নিয়ে একই সঙ্গে মুখে ও নাকে পানি দেয়া। রাসূল (ছাঃ) এভাবেই ওযূ করতেন। وَمَنْ كُفَّةٍ وَاحِدَةٍ 'তিনি এক অঞ্জলি দ্বারাই কুলি করেন ও নাক পরিষ্কার করেন'।[1] আলাদাভাবে পানি নেওয়ার যে হাদীছ বর্ণিত হয়েছে তা যঈফ। যেমন-

عَنْ طَلْحَةَ عَنْ أَبِيْهِ عَنْ جَدِّهِ قَالَ دَخَلْتُ يَعْنِيْ عَلَى النَّبِيِّ الْ وَهُوَ يَتَوَضَّأُ وَالْمَاءُ يَسِيْلُ مِنْ وَجْهِهِ وَلِحْيَتِهِ عَلَى صَدْرِهِ فَرَأَيْتُهُ يَفْصِلُ بَيْنَ الْمَضْمَضَةِ وَالإِسْتِنْشَاقِ.

ত্বালহা (রাঃ) তার পিতার সূত্রে তার দাদা থেকে বর্ণনা করেন, আমি যখন রাসূল (ছাঃ)-এর নিকট গেলাম তখন তিনি ওযূ করছিলেন। আর পানি তাঁর মুখমণ্ডল ও দাড়ি থেকে তাঁর বুকে পড়ছিল। অতঃপর আমি তাকে দেখলাম, তিনি কুলি করা ও নাকে পানি দেওয়ার সময় পৃথক করলেন।[2]

তাহকীক: হাদীছটি যঈফ। এর সনদে লাইছ ও মুছাররফ নামের দু'জন রাবী রয়েছে, যারা ক্রটিপূর্ণ। এছাড়াও আরো ক্রটি রয়েছে। এই হাদীছ যঈফ হওয়ার ব্যাপারে মুহাদ্দিছগণ একমত।[3] শায়খ ছফিউর রহমান মুবারকপুরী (রহঃ) বলেন, তালক বিন মুছাররফের হাদীছ পৃথক করা প্রমাণ করে, কিন্তু তা যঈফ।[4]

ফুটনোট

- [1]. মুত্তাফারু আলাইহ, ছহীহ বুখারী হা/১৯১, ১/৩১ পৃঃ, (ইফাবা হা/১৯০, ১/১২১ পৃঃ), 'ওযূ' অধ্যায়, 'এক অঞ্জলি পানি দিয়ে মুখ ও নাক পরিষ্কার করা' অনুচ্ছেদ; ছহীহ মুসলিম হা/৫৭৮, ১/১২৩ পৃঃ, (ইফাবা হা/৪৪৬); মিশকাত হা/৩৯৪ ও ৪১২, পৃঃ ৪৫; বঙ্গানুবাদ মিশকাত হা/৩৬২, ২য় খন্ড, পৃঃ ৭৭।
- [2]. আবুদাঊদ হা/১৩৯, ১/১৮-১৯ পৃঃ; বুল্গুল মারাম হা/৪৯, পৃঃ ১৮।
- [3]. যঈফ আবুদাউদ হা/১৩৯-এর আলোচনা দ্রঃ।
- [4]. শরহে বুলুগুল মারাম, পৃঃ ২৬।

Source — https://www.hadithbd.com/books/link/?id=1813

🚨 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন